

বাংলাদেশ পাটকল করপোরেশন  
আদমজী কোর্ট, মতিবিল, ঢাকা।

২৪.০৪.০০০০.২০৭.১১.০৬৪.১৫- ২৬২


তারিখঃ-০৯/০৮/২০১৫

আদেশ

১। যেহেতু জনাব শাফায়েত জামিল, উপ-ব্যবস্থাপক (প্রশাসন) ও রাজশাহী জুট মিলস লিঃ এর প্রাক্তন হিসেবে বিজেএমসির নিয়ন্ত্রণাধীন রাজশাহী জুট মিলস লিঃ এ কর্মকালীন সময়ের প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সূত্র নং ২৪.০৪.০০০০.২০৭.১১.০৬৪.১৫-১৬ তারিখ ২৮/০১/২০১৫ এর মাধ্যমে বিভাগীয় মামলা নং প্রসি/বিভাগীয় মামলা ০৬৪(রাজশাহী)/১৫ রঞ্জু করা হয়; এবং

২। যেহেতু জনাব শাফায়েত জামিল, তার ১৫/০৩/২০১৫ তারিখে প্রদত্ত জবাবে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। গত ১৪/০৩/১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় সার্বিক বিষয়টি কমিটি দ্বারা তদন্ত করানো হয়। কমিটি কর্তৃক ২২/০৯/২০১৪ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে “অভিযোগ প্রমাণিত হয়নি” মর্মে উল্লেখ করেছেন। উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে কর্তৃপক্ষ জনাব শাফায়েত জামিলকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতার অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন; এবং

৩। সেহেতু এক্ষণে, জনাব শাফায়েত জামিল, উপ-ব্যবস্থাপক (প্রশাসন) ও প্রাক্তন প্রশাসন বিভাগীয় প্রধান, রাজশাহী জুট মিলস লিঃ, রাজশাহী-কে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতার অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো।

  
(মুহাম্মদ সালাহউদ্দীন)  
সচিব

প্রাপক :

জনাব শাফায়েত জামিল,  
উপ-ব্যবস্থাপক (প্রশাসন)  
প্রাক্তন প্রশাসন বিভাগীয় প্রধান রাজশাহী জুট মিলস লিঃ  
বর্তমানে জুটো ফাইবার গ্লাস ইন্ডাস্ট্রিজ লিঃ  
তারাব, নারায়ণগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাব্যবস্থাপক (প্রশা ও সাঃ সেবা)/(হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিজেএমসি, ঢাকা।
- ৩। প্রকল্প প্রধান রাজশাহী জুট মিলস লিঃ / জুটো ফাইবার গ্লাস ইন্ডাস্ট্রিজ লিঃ।
- ৪। প্রকল্প প্রধান (সুকল), বিজেএমসির মিলসমূহ।
- ৫। পরিচালকদের ব্যবস্থাপক/সহ-ব্যবস্থাপক/সহ-সমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের উপ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।
- ৭। উপ-ব্যবস্থাপক (জন সংযোগ), বিজেএমসি, ঢাকা - ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সচিব মহোদয়ের সহ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।
- ৯। ব্যক্তিগত নথি সংশ্লিষ্ট কর্মকর্তা।
- ১০। অফিস কপি/ মাষ্টার ফাইল।